## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন।৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার।৹ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴৹ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতল



৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে বৈশাখ বুধবার ১৩৬২ ইংরাজী 4th May. 1955 | ৪৯শ সংখ্যা





সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২০শে বৈশাখ বুধবার সন ১৩৭২ সাল।

## হৃদ্দ হ'লাম—বদ্ধ দেখে "পদ্মবিভূষণ"

—•—

এক পাড়াগাঁয়ে মোড়লদের একটি বউ ছিল। গ্রামের যাবতীয় লোক তার প্রশংসা করতো। বউটি গুরুজন দেখলেই তাঁকে প্রণাম ক'রে পায়ের ধুলো নিয়ে অতি মিষ্ট ভাষায় তাঁদের কুশল বার্ত্তাদি জিজ্ঞাসা করতো। গ্রামের ইতর ভদ্র সকলের মুখে এক কথা—এমন বউ হয় না। মেয়েরা অনেকে কাব্য ক'রে বলতো—"আহা গুণের সাগর বউ! গুণের নাগর বউ!"

বউটি সকলের মুখে নিজের প্রশংসা শুনে মনে মনে হাসতো। কারণ তার অসদগুণ অন্যের অজানা থাকলেও, নিজে জানতো যে, সে কি অপকর্ম্ম করে।

পাড়াগাঁয়ে তো পায়খানা নাই, মাঠে, বাগানে, বাঁশঝাড়ের মধ্যে লোককে শৌচ ক্রিয়া সম্পন্ন করতে হয়। বউটি রাত্রে মাঠে, বাগানে, বা পুকুর-ধারে যেতে ভয় পেতো। নিজেদের খামার বাড়ীর উঠোনে যে ধান সিদ্ধ করার উনোন ছিল, তারই ছাই টেনে, উনোনের মধ্যেই শৌচকৃত্য সমাধা ক'রে, ছাই দিয়ে ঢেকে রাখতো। লোকে যখন তাকে গুণের নাগর, গুণের সাগর ব'লে বাহবা দিত, তখন সে মনে মনে বল্‌তো—

"গুণের নাগর, গুণের সাগর
গুণ রেখেছি আখার ভিতর,
ছাই তুলবে যখন
গুণ দেখবে তখন।"

উল্লিখিত বউটির প্রশংসা প্রাপ্তির মত সরকারী খেতাব প্রাপ্ত জনৈক উচ্চ পদস্থ ইঞ্জিনীয়ার ও তার সঙ্গে বহু সরকারী লোক গ্রেপ্তারের সংবাদ খবরের কাগজে বাহির হইয়াছে আমরা তাহা প্রকাশ করিলাম।

## ভাকরা খালের 'পদ্মবিভূষণ' উপাধি-ধারী ইঞ্জিনীয়ার গ্রেপ্তার

সরকারী অর্থ তছরূপের অভিযোগ: ৪জন মহকুমা হাকিম প্রভৃতিসহ আরও ৩০জন ধৃত

আম্বালা, ২৪শে এপ্রিল—পাঞ্জাব পুলিশের বিশেষ গোয়েন্দা দল ভাকরা খালের নরোয়ানা সার্কেলের সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনীয়ার শ্রী কে, আর, শর্ম্মাকে দুনীতি ও বিপুল পরিমাণে সরকারী অর্থ তছরূপের দায়ে গ্রেপ্তার করিয়াছে। ভাকরা খাল খনন ব্যাপারে তাঁহাকে 'পদ্মবিভূষণ—তৃতীয় বিভাগ' উপাধি দেওয়া হয়।

তদন্ত সাপেক্ষ উক্ত উপাধি সাময়িকভাবে প্রত্যাহার করা হইয়াছে।

শ্রীশর্ম্মাকে তাঁহার জলন্ধরস্থ বাংলো হইতে গ্রেপ্তার করা হয় ও জেলা ম্যাজিষ্ট্রেটের এজলাসে হাজির করা হয়। জেলা ম্যাজিষ্ট্রেট তাঁহাকে ২৫শে এপ্রিল পর্য্যন্ত পুলিশের হেফাজতে রাখার নির্দেশ দেন, উক্ত তারিখে তাঁহাকে আম্বালার আদালতে হাজির করা হয়। এই ব্যাপারে দুই জন এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, চার জন মহকুমা হাকিম, এগারো জন ওভারসীয়ার ও কয়েকজন কণ্ট্রাক্টর সহ মোট ত্রিশ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

অভিযোগে প্রকাশ যে, বাজার অপেক্ষা অধিক মূল্যে ইচ্ছা করিয়াই আড়াই লক্ষ টাকার ধাতু নির্মিত নল ক্রয় করিয়া তিনি কয়েক সহস্র সরকারী অর্থ তছরূপ করিয়াছেন।

## বিদ্যালয়ের পুরাতন ভৃত্য

—•—

বর্দ্ধমান মিউনিসিপালিটীর একটি উচ্চ বিদ্যালয় আছে। ধুবড়ী সাহ তাহার পুরাতন ভৃত্য। উক্ত বিদ্যালয়ে চাকরী করিয়া তিনি গ্রাসাচ্ছাদন বাদে সারা জীবনে যাহা সঞ্চয় করিয়াছিলেন, তাহার মধ্যে ৬০০৲ টাকা বিদ্যালয়ের উন্নয়ন-কল্পে দান করিয়া গিয়াছেন। চাকরের দেহের মধ্যে কত বড় হৃদয় লুক্কায়িত ছিল, মরণের পূর্ব্বে তাহা সাধারণকে দেখাইয়া গেলেন। ইস্কুল লইয়া দলাদলি, মামলা মোকদ্দমা ইত্যাদি অপকর্ম্মকারী সভ্য নামধারী অসভ্য অনেক দেখা যায়। কিন্তু ধুবড়ী সাহের মত সত্যিকার বিদ্যোৎসাহী চাকর কেহ দেখিয়াছেন কিনা সন্দেহ। বিদ্যালয়ের ছাত্রগণের শিক্ষণীয় এক উজ্জ্বল আদর্শ ধুবড়ী সাহ দিয়া গেলেন।

## ট্যাক্সি চালকের সাধুতা

অলঙ্কারপূর্ণ সুটকেশ প্রত্যর্পণ

৪৭।১এ, কাশীপুর রোডের শ্রীগুরুপদ ঘোষ ডব্লিউ বি টি ১২৫৬নং বেবী ট্যাক্সির চালক। গত ২৫শে এপ্রিল রাত্রে একজন আরোহীকে গন্তব্যস্থলে পৌঁছাইয়া দিয়া ফিরিয়া আসিবার পর তিনি দেখিতে পান যে ট্যাক্সিতে আরোহীর একটী সুটকেশ আছে। পরদিন সকালে শ্রীঘোষ পূর্ব্ব রাত্রির আরোহীর খোঁজ লইয়া তাঁহাকে সুটকেশটী ফেরত দেন। তাঁহার এই মনোবৃত্তি প্রত্যেকের অনুকরণীয়। "নিজের গণ্ডা বুঝে নিবে, পরের গণ্ডা পরকে দিবে," এই নীতি মেনে চললেই পৃথিবীতে স্বর্গসুখ পাওয়া যাবে।

## জঙ্গীপুর কলেজ পত্রিকা

জঙ্গীপুর কলেজ পত্রিকা ( প্রবাহ ) প্রকাশিত হইয়াছে। প্রাক্তন ছাত্র-ছাত্রীদিগকে উহা দেওয়ার ব্যবস্থা আছে। আগামী ১০ই মের মধ্যে উহা কলেজ হইতে নেওয়ার জন্য ছাত্র-ছাত্রীদিগকে অনুরোধ জানান হইয়াছে। সকাল ৭টা হইতে ১০টা পর্য্যন্ত কলেজ অফিস খোলা থাকিবে।

## দুর্গাদাস প্রাথমিক বিদ্যালয়

গত ২৮শে এপ্রিল রাজারামপুর প্রাথমিক বিদ্যালয়ের নূতন গৃহের উদ্বোধন কার্য্য সম্পন্ন হইয়াছে। রাজারামপুর উচ্চ বিদ্যালয়ের সম্পাদক শ্রীভানুজাকান্ত সরকার মহাশয়ের পিতার স্মৃতি-রক্ষার্থে বিদ্যালয়ের নাম "দুর্গাদাস প্রাথমিক বিদ্যালয়" রাখা হইয়াছে। সরকার মহাশয় নিমন্ত্রিত ব্যক্তিগণকে চা-পানে আপ্যায়িত করেন।

## হত্যার অপরাধে কারাদণ্ড

জঙ্গিপুরের মোক্তার শ্রীফণিভূষণ মিত্র মহাশয়ের মোহরার ফজর বিশ্বাসকে হত্যার অপরাধে দশ জন

আসামীর প্রতি পাঁচ বৎসর করিয়া সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

---


## Tender Notice
### Jangipur Municipality.

Sealed tenders are invited for surface dressing with stone chips ½″ down and Tar No. 3 over the Tar Surfaced Roads at Raghunathganj and Jangipur (½ mile on either side), the estimated cost of which is Rs. 8,000/- approximately. Estimates and specifications are to be seen in the office during office hours. Sealed tenders, in proper form, obtainable from the office, will be received by the undersigned upto the 8th May, 55 Successful tenderers will have to furnish security deposit at the rate of 5% on the total value of the work.

Sd/- M. P. Chatterjee,
Chairman, Jangipur Municipality.
Jangipur Municipal office.
The 30th April, 1955.

## টেণ্ডার নোটিশ

জংগীপুর কলেজের বোর্ডিং হাউস নির্মাণের টেণ্ডার আহ্বান করা যাইতেছে। টেণ্ডারের সর্ত্তাবলী ও অন্যান্য জ্ঞাতব্য বিষয় কলেজ আফিস হইতে পাওয়া যাইবে। কার্য্যের তালিকা প্রত্যহ সকাল বেলায় ৭টা হইতে ১০টা পর্য্যন্ত কলেজ আফিসে পাওয়া যাইবে। উক্ত কার্য্যাবলীর জন্য শিলমোহর করা টেণ্ডার ইংরাজী ১০ই মে তারিখ বেলা ১১টা পর্য্যন্ত নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। কার্য্যের তালিকার প্রথম অংশ ১৲ টাকা মূল্যে ও দ্বিতীয় অংশ ৷৹ আনা মূল্যে কলেজ আফিস হইতে পাওয়া যাইবে। টেণ্ডার দাতা ইচ্ছা করিলে কলেজ আফিস হইতে নিজেও তালিকা নকল করিয়া লইতে পারিবেন।

Sd/- B. R. De, Principal
29. 4. 55


# সীমানির্দ্ধারণে বাঙালীর আনন্দের সীমা নাই


## চুরি না করিয়া হইল চোর!

বিহারে প্রহার



আসামে আসামী







## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"    টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৴৹ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত